**উপজেলা পরিষদ**
**পাথরঘাটা, বরগুনা ।**

**পাথরঘাটা উপজেলা পরিষদের ৫২ তম মাসিক (আগস্ট-২০২৩) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভা নম্বর | : | ৫২/২০২৩ |
| সভার তারিখ ও সময় | : | ৩১.০৮.২০২৩ সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোস্তফা গোলাম কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |

(সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা-পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যদের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতাপাঠের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর বিগত ২৬.০৭.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচি / এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সম্পর্কিত আলোচনা করা হয়। | দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২. | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | পূর্ববর্তী সভায় যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল সেগুলো ৯৫% বাস্তবায়ন হয়েছে। বাকী ৫% এখনো বাস্তবায়ন হয়নি। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি থাকতে হবে। |
| ০৩. | স্ট্যান্ডিং কমিটি হতে প্রাপ্ত সুপারিশমালার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত কোন আলোচনা করা গেল না। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৪. | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশ না থাকায় আলোচনা করা গেল না। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৫. | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন পর্যালোচনা | নতুন কোনবিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় আলোচনা করা গেল না। | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৬. | উপজেলা পরিষদের আয়-ব্যয় পর্যালোচনা | আলোচনার কোন বিষয় উত্থাপিত হয়নি বা নেই। | কোন সিদ্ধান্ত নেই। |
| ০১ | ইউনিয়ন পরিষদ | (ক) ইউপি চেয়ারম্যান (সকল), সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, পাথরঘাটা, বরগুনা'তে স্থানীয় কর্মকর্তা/কর্মচারী থাকায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক/বিধবা/প্রতিবন্ধী /হরিজন ভাতাসহ অন্যান্য সুযোগ সুবিধায় স্থানীয় সাধারণ জনগণদের দ্রুত সময়ের মধ্যে সেবা প্রদানের প্রস্তাব করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, পাথরঘাটা, বরগুনা'তে আগত সাধারণ জনগণকে দ্রুত সময়ের মধ্যে সেবা প্রদানের অনুরোধ জানান। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিবিধঃ<br>(ক) উপজেলা পরিষদের ফটোকপি মেরামত সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, উপজেলা পরিষদের ফটোকপি মেশিনটি নষ্ট থাকায় মাসিক সভার রেজুলেশনসহ অন্যান্য প্রয়োজনীয় পত্রাদি বাহিরে ফটোকপি করতে হয়। এতে আর্থিক ক্ষতিসহ গোপনীয়তা রক্ষা হচ্ছে না। এক্ষেত্রে উপজেলা পরিষদের ফটোকপি মেশিনটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত ফটোকপি মেশিনটি মেরামতের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্যাট ও আয়করসহ ২৪,৫০০/- টাকা উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদের ফটোকপি মেশিনটি মেরামত ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্যাট ও আয়করসহ ২৪,৫০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | (ঞ) ১% খাত হতে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত। | ১. ক) চেয়ারম্যান, ১নং রায়হানপুর ইউপি সভায় জানান যে, ভূমি হস্তান্তর কর ১% খাত হতে ৭নং ওয়ার্ডের বড়বাড়ী কালভার্ট হতে গেন্দু মোল্লার বাড়ি পর্যন্ত মাটির রাস্তা পুনঃনির্মানের প্রস্তাব করেন। বরাদ্দঃ ১,৪৬,৭২০/-<br><br>খ) চেয়ারম্যান, ২নং নাচনাপাড়া ইউপি সভায় জানান যে, ভূমি হস্তান্তর কর ১% খাত হতে নাচনাপাড়া ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন মেরামতের প্রস্তাব করেন। বরাদ্দঃ ১,৩৭,০৬০/-<br><br>গ) চেয়ারম্যান, ৪নং পাথরঘাটা সদর ইউপি সভায় জানান যে, ভূমি হস্তান্তর কর ১% খাত হতে পাথরঘাটা সদর ইউনিয়ন পরিষদ ভবনের সভাকক্ষ মেরামতকরণের প্রস্তাব করেন। বরাদ্দঃ ২,৬৭,০০০/-<br><br>ঘ) চেয়ারম্যান, ৫নং কালমেঘা ইউপি সভায় জানান যে, ভূমি হস্তান্তর কর ১% খাত হতে কালমেঘা বাজার সংলগ্ন আবাসনের ভিতরে ইটসলিং রাস্তা নির্মাণের প্রস্তাব করেন। বরাদ্দঃ ২,৪৭,১০০/-<br><br>ঙ) চেয়ারম্যান, ৬নং কাকচিড়া ইউপি সভায় জানান যে, ভূমি হস্তান্তর কর ১% খাত হতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের জন্য ১টি ফটোকপি মেশিন ও ২টি প্রিন্টার ক্রয়ের প্রস্তাব করেন। বরাদ্দঃ ১,৮৮,০০০/-<br><br>চ) চেয়ারম্যান, ৭নং কাঠালতলী ইউপি সভায় জানান যে, ভূমি হস্তান্তর কর ১% খাত হতে ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার ও অতিব জরুরী কিছু আসবাবপত্র ক্রয়ের প্রস্তাব করেন। বরাদ্দঃ ১,৮৪,৯৪০/- | ১. বিষয়টি আলোচনান্তে ভূমি হস্তান্তর কর ১% খাত হতে দাখিলকৃত প্রকল্পসমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

Scanned with CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা গোলাম কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পাথরঘাটা, বরগুনা।

তারিখঃ ৩১.০৮.২০২৩।

স্মারক নম্বর- উপ/পাথর/বর/২০২৩/৪৮৮(৬০)

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২ ও উপদেষ্টা, পাথরঘাটা উপজেলা পরিষদ, বরগুনা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ........................................................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জেলা প্রশাসক, বরগুনা।
১০. মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা।
১১. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১২. উপজেলা ..................................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৩. চেয়ারম্যান, ..........................................................ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১৪. জনাব ......................................................................।
১৫. অফিস নথি।

(সুফল চন্দ্র গোলদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।

Scanned with CamScanner